



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

### সাধারণ ও কোটায় উত্তীর্ণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে B ইউনিটের অন্তর্ভুক্ত চারুকলা ইনস্টিটিউট, সংগীত ও নাট্যকলা বিভাগ এবং D ইউনিটের অন্তর্ভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ এর ব্যবহারিক পরীক্ষা নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী পুনরায় অনুষ্ঠিত হবে।

| ক্রম. | ইউনিট | বিভাগ/ইনস্টিটিউট                            | তারিখ             | সময়          | স্থান  |
|-------|-------|---|-------------------|---------------|--|
| ১.    | B     | চারুকলা ইনস্টিটিউট                          | ০৭ জানুয়ারি ২০১৮ | সকাল ১০:০০ টা | চারুকলা ইনস্টিটিউট<br>৭২১ বাদশা মিয়া চৌধুরী রোড<br>মেহেদীবাগ, চট্টগ্রাম |
| ২.    | B     | নাট্যকলা                                    | ০৮ জানুয়ারি ২০১৮ | সকাল ১০:০০ টা | কলা ও মানববিদ্যা অনুষদ ভবন<br>(গ্যালারী -২)                              |
| ৩.    | B     | সংগীত                                       | ০৯ জানুয়ারি ২০১৮ | সকাল ১০:০০ টা | কলা ও মানববিদ্যা অনুষদ ভবন<br>(গ্যালারী-২)                               |
| ৪.    | D     | ফিজিক্যাল এডুকেশন এন্ড<br>স্পোর্টস সায়েন্স | ১৫ জানুয়ারি ২০১৮ | সকাল ১০:০০ টা | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়<br>কেন্দ্রীয় খেলার মাঠ                         |

যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে B ও D ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং উপরোক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক সে সকল শিক্ষার্থীকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের এ পরীক্ষায় অংশগ্রহণ করার প্রয়োজন নেই।

B ও D ইউনিটে বিভিন্ন কোটায় উত্তীর্ণ যে সকল শিক্ষার্থী উপরোক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক সে সকল শিক্ষার্থীকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এছাড়াও পেশাদার খেলোয়াড় কোটায় উত্তীর্ণ সকল পরীক্ষার্থীকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

B ইউনিটভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রত্যেক শিক্ষার্থীকে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বরাবর অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের ব্যবহারিক পরীক্ষার দিন জমা দিতে হবে।

বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে (<http://admission.eis.cu.ac.bd>) পাওয়া যাবে।

আদেশক্রমে-



(এস.এম. আকবর হোছাইন)

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)

রেজিস্ট্রার অফিস, চ.বি.

এবং সচিব, ভর্তি কমিটি



/ছদর/